দৈনিক ইনকিলাব

তারিখ 04 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

13

## আসন্ন এসএসসি পরীক্ষার ফি বাবদ

# ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত অবৈধ অর্থ আদায়ঃ স্কুলওয়ালাদের পোয়াবারো

বেনাপোল, ৩ জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।- শার্শা বিদ্যালয়ে আসন্ন এসএসসি পরীক্ষার ফি বাবদ ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত অবৈধ অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

এ থানার ২০টি মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বোর্ডের নির্ধারিত ফি ছাড়াও অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। ফলে দরিদ্র ছাত্র-ছাত্রীদরে বহু অভিভাবককে এ অর্থ যোগাতে হিমশিম খেতে হচ্ছে। অনেক পরীক্ষার্থী অর্থাভাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হচ্ছে। যশোর শিক্ষা বোর্ডের নির্ধারিত বিজ্ঞান বিভাগের ৫২৫ টাকা, মানবিক বিভাগের ৫০৫ টাকা, শার্শা থানার জামতলাসহ অন্যান্য হাই স্কুলে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞান বিভাগের ১৫৫০ টাকা ও মানবিক বিভাগে ১৫০০ টাকা আদায় করা হচ্ছে। তবে এদের মধ্যে বিভিন্ন স্কুলে প্রতিযোগিতামূলক ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের পক্ষে অতিরিক্ত টাকা জমা দিতে না পারায় এ বছর বহু ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিতে ব্যর্থ হচ্ছে। বিষয়টি গুরুত্বসহকারে সুষ্ঠু তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবী উঠেছে।